ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ: ০৪ | সংখ্যা : ১৪ | আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ | সেপ্টেম্বর ২০২২ খ্রি.

## উপকেন্দ্র ও বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণে চুক্তি স্বাক্ষর




বিতরণ ব্যবস্থার সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি করে গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতের লক্ষ্যে গত ২৪ আগস্ট, ২০২২ তারিখে "ডিপিডিসি'র আওতাধীন এলাকায় উপকেন্দ্র নির্মাণ ও পুনর্বাসন, বিদ্যুৎ ক্যাপাসিটর ব্যাংক এবং স্মার্ট গ্রিড ব্যবস্থার প্রবর্তন" শীর্ষক প্রকল্পের অধীনে ৬টি উপকেন্দ্র ও বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মানের উদ্দেশ্যে দুটি পৃথক চুক্তি স্বাক্ষর হয়েছে।

এএফডি'র অর্থায়নে প্রকল্পের প্যাকেজ ১ এর লট ১ বাস্তবায়নের জন্য ডিপিডিসি'র সাথে জয়েন্ট ভেনচার অব লারসেন এন্ড টারবো লিমিটেড এন্ড এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিমিটেডের, এবং লট ২ বাস্তবায়নের জন্য জয়েন্ট ভেনচার অব এসপিটিডিই এবং রিভারি পাওয়ার এন্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিং লিমিটেডের চুক্তি স্বাক্ষর হয়েছে।

ডিপিডিসি'র পক্ষ থেকে প্রতিষ্ঠানের কোম্পানি সচিব (উপ সচিব) মোঃ আসাদুজ্জামান এবং জয়েন্ট ভেনচার অব লারসেন, টারবো এন্ড এনার্জিপ্যাক পক্ষ থেকে প্রতিষ্ঠানটির ভাইস চেয়ারম্যান সুব্রত দত্ত গুপ্ত এবং জয়েন্ট ভেনচার অব এসপিটিডিই এবং রিভারি পাওয়ার লিমিটেডের পক্ষ হতে ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর আবু বকর সিদ্দিক চুক্তিতে স্বাক্ষর করেন।

চুক্তির অধীনে ৬টি নতুন উপকেন্দ্র নির্মাণ, একটি বিদ্যমান উপকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি ও বিদ্যুৎ সঞ্চালন লাইন নির্মাণ করা হবে। যা বাস্তবায়িত হলে ডিপিডিসি'র নিয়ন্ত্রনাধীন এলাকায় ১৩২কেভি লেভেলে ৪৮০ এমভিএ ও ৩৩ কেভি লেভেল ৫২৫ এমভিএ বিদ্যুৎ সরবরাহ বৃদ্ধি পাবে। পাওয়ার ফ্যাক্টর ০.৮৫ হতে ০.৯০ এ উন্নীত হবে। এছাড়া স্মার্ট গ্রিড ব্যবস্থা প্রবর্তনের ফলে মিটার ও ট্রান্সফরমারকে অনলাইন মনিটরিং এর আওতায় আনা যাবে যার মাধ্যমে রক্ষণাবেক্ষণ সময় ও খরচ হ্রাস পাবে। টেকনিক্যাল ও নন-টেকনিক্যাল উভয় ধরনের লস হ্রাস করাসহ নিরাপত্তার সাথে সিস্টেম পরিচালনা করা সম্ভব হবে।

অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান মহোদয় তার বক্তব্যে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সম্পাদনের উপর গুরুত্বারোপ করে বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে গুনগত মান বজায় রেখে যেন কার্য সম্পাদন করা হয় তা নিশ্চিত করতে হবে। প্রকল্প পরিচালক সহ সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করার বিষয়ে সচেষ্ট থাকতে তিনি নির্দেশ প্রদান করেন।

চুক্তি সম্পাদন অনুষ্ঠানে ডিপিডিসি'র নির্বাহী পরিচালক এডমিন ও এইচ আর ও যুগ্ম সচিব মোঃ শাহরিয়াজ, নির্বাহী পরিচালক (অর্থ) মো. গোলাম মোস্তফা, নির্বাহী পরিচালক (প্রকৌশল) মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার, নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) আবদুলাহ নোমান, প্রকল্প পরিচালকসহ ডিপিডিসি'র ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

# জাতীয় শোক দিবস উপলক্ষে ডিপিডিসি'র কার্যক্রম







১. ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতার প্রতিকৃতিতে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান, সকল নির্বাহী পরিচালকগণ ও কোম্পানি সচিবসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

২. জাতীয় শোক দিবস উপলক্ষে ডিপিডিসি'র আওাধীন এলাকায় দুঃস্থ ও অসহায়দের মাঝে খাবার বিতরণ করা হয়।

৩. জাতীয় শোক দিবস উপলক্ষে ডিপিডিসি ৩ টি মসজিদে মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।




# জাতীয় অনলাইন কুইজ প্রতিযোগিতায় ডিপিডিসি'র কর্মকর্তা বিজয়ী



স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও এটুআই প্রোগ্রামের যৌথ সহযোগিতায় আয়োজিত জাতীয় অনলাইন কুইজ প্রতিযোগিতায় রহিম উল্যাহ, জুনিয়র অ্যাসিসট্যান্ট ম্যানেজার (আইসিটি), ডিজিএম(আইসিটি), রেভিনিউ দপ্তর, ডিপিডিসি বিজয়ী হয়েছেন। এই অর্জনের জন্য ডিপিডিসি পরিবারের পক্ষ হতে রহিম উল্যাহ কে আন্তরিক অভিনন্দন জানানো হয়।

"ড্রোন ব্যবহার করে ১৩২/৩৩/১১ কেভি উপকেন্দ্রের স্মার্ট সার্ভেইলেন্স এবং থার্মাল প্রোফাইলিং এর মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সেবা নিশ্চিত করে গ্রাহক সেবার মান উন্নয়ন" শীর্ষক উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করেছে ডিপিডিসি। গত ১৬ জুন ২০২২ তারিখে শ্যামপুর গ্রীড সাবস্টেশনে উদ্ভাবনী ধারণাটির বাস্তবায়ন পরিদর্শন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।




# ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর




বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর মাননীয় প্রতিমন্ত্রী নসরুল হামিদ, এম পি এর উপস্থিতিতে বিদ্যুৎ বিভাগের সম্মানিত সচিব মোঃ হাবিবুর রহমানের সাথে ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষর করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান।

# জিটুজি মান্ডা (গ্রীন পদ্মা) ৩৩/১১ কেভি উপকেন্দ্রের নির্মাণ

ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ শীর্ষক (জিটুজি) প্রকল্পের আওতায় মান্ডা (গ্রীন পদ্মা) ৩৩/১১ কেভি উপকেন্দ্রের নির্মাণকাজ চলছে। সাইটটিতে ২টি ৩৩/১১ কেভি ট্রান্সফরমার স্থাপনসহ ৫ তলা উপকেন্দ্র ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। উপকেন্দ্রটি নির্মিত হলে গ্রীন মডেল টাউন আবাসিক প্রকল্প এলাকাসহ পার্শ্ববর্তী মান্ডা ও মুগদাপাড়া এলাকায় নিরবচ্ছিন্ন ও মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত হবে।



# ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় এর আওতাধীন স্পেশাল টাস্কফোর্স এর প্রতিবেদন

## জুন: ২০২২ থেকে আগস্ট: ২০২২ পর্যন্ত


| | |
|---|---|
| অভিযান সংখ্যা | ৩৪ টি |
| সংযোগ বিচ্ছিন্ন | ৩৯ টি |
| উদ্ঘাটিত বিদ্যুৎ চুরি | ০৫ লক্ষ ৬০ হাজার ইউনিট |
| ধার্যকৃত পেনাল বিল | ০১ কোটি ৯৪ লক্ষ টাকা |
| আদায়কৃত পেনাল বিল | ০১ কোটি টাকা |
| মালামাল জব্দ | ৪৫ টি বৈদ্যুতিক মিটার, গ্রাহকের সার্ভিস তার এবং বাইপাসে ব্যবহৃত তার। |



*এনওসিএস সাতমসজিদ এর আওতাধীন এলাকায় অবস্থিত অটো গ্যারেজ এর অবৈধ সংযোগ বিচ্ছিন্ন করে বিপুল পরিমাণ অটো চার্জার ও তার জব্দ।*

**জুন-২০২২ থেকে আগস্ট- ২০২২ পর্যন্ত অভিযান সমূহের উল্লেখযোগ্য সাফল্য :**

- ধানমন্ডি দপ্তরের গ্রাহক মিসেস নুরুন্নাহার খান এর আবাসিক স্থাপনায় ৯.৪২ লক্ষ টাকার পেনাল বিল।
- ধানমন্ডি দপ্তরের গ্রাহক হাবিব খান এর আবাসিক স্থাপনায় ৫.৩২ লক্ষ টাকার পেনাল বিল।
- শের-ই-বাংলানগর দপ্তরের গ্রাহক মুন্সিগঞ্জ ভবন এর আবাসিক স্থাপনায় ৫.৫৩ লক্ষ টাকার পেনাল বিল।
- ধানমন্ডি দপ্তরের গ্রাহক দুলাল মিয়া এর আবাসিক স্থাপনায় ২৫.৮৩ লক্ষ টাকার পেনাল বিল।
- ধানমন্ডি দপ্তরের গ্রাহক মুজিবুর রহমান এর আবাসিক স্থাপনায় ৯.৪৬ লক্ষ টাকার পেনাল বিল।
- ডেমরা দপ্তরের গ্রাহক হাজী আনসার আলী এর আবাসিক স্থাপনায় ১২.৯৮ লক্ষ টাকার পেনাল বিল।
- কাকরাইল দপ্তরের গ্রাহক নবী সুলেমান এর বাণিজ্যিক স্থাপনায় ১০.৮৭ লক্ষ টাকার পেনাল বিল।



# ডিপিডিসি'র ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন



*গত ১ জুলাই ২০২২ তারিখে ডিপিডিসি'র ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সম্মেলন কক্ষে কেক কেটে উদযাপন করেন ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ।*

# ডিপিডিসি'র পরিচালনা পর্ষদে নতুন সদস্যদের যোগদান





*ডিপিডিসি'র পরিচালনা পর্ষদে নতুন সদস্য হিসেবে যোগ দিয়েছেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব ড. মোঃ গোলাম ফারুক এবং সি এফ কে মুসাদ্দেক আহমদ, সদস্য (বিতরণ), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড*

# ডিপিডিসি'র নিরাপত্তা প্রহরীদের বুনিয়াদী প্রশিক্ষণ অনুষ্ঠিত



ডিপিডিসি'তে নবনিযুক্ত নিরাপত্তা প্রহরীদের জন্য প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরের আয়োজনে ১৭ দিনব্যাপী ১২তম বুনিয়াদী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ শেষে গত ২৭ জুন ২০২২ তারিখে সনদ বিতরনী ও সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উক্ত অনুষ্ঠানে ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান প্রধান অতিথি হিসেবে থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদ বিতরণ করেন। অনুষ্ঠানে ডিপিডিসি'র সকল নির্বাহী পরিচালক-সহ ঊর্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

**সম্পাদক : শামীমুল হক শামীম**, উপ-মহাব্যবস্থাপক, পাবলিক রিলেশন্স, ডিপিডিসি

**সহ-সম্পাদক : ইসতিয়াক আহমেদ**, এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি, **মো: মাজহারুল ইসলাম**, জুনিয়র এসিস্ট্যান্ট ম্যানেজার, ডিপিডিসি। **আলোকচিত্র : কে এম দুলাল**। **গ্রাফিক্স ডিজাইন : সাকিবুল বাশার**।

ফোন : ৯৫১৩৮৯৪, ৯৫১৪৯৪৯, Website: www.dpdc.gov.bd, E-mail : dgmhrpr@dpdc.org.bd, ডিপিডিসি'র জনসংযোগ দপ্তর, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।